



ডাকসু নির্বাচনে স্বচ্ছতা চাই: হাতে ভোট গণনার আহ্বান উমামা ফাতেমার



সংগৃহীত ছবি

ডাকসু নির্বাচনে পরাজিত ভিপি প্রার্থী উমামা ফাতেমা হাতে ভোট গণনা, ভোটার তালিকার কপি প্রকাশ এবং ভোটকেন্দ্রের সিসিটিভি ফুটেজ উন্মুক্ত করার দাবি জানিয়েছেন। তিনি বলেন, এসব পদক্ষেপ ছাড়া নির্বাচনের স্বচ্ছতা ও গ্রহণযোগ্যতা নিশ্চিত করা সম্ভব নয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনে ফল পুনর্গণনা ও স্বচ্ছতা নিশ্চিত করতে প্রধান নির্বাচন কমিশনার বরাবর আবেদন করেছেন স্বতন্ত্র শিক্ষার্থী ঐক্য প্যানেলের ভিপি প্রার্থী উমামা ফাতেমা। সোমবার (১৫ সেপ্টেম্বর) তিনি এ আবেদন জমা দেন।

আবেদনে তিনি উল্লেখ করেন, “নির্বাচনকেন্দ্রিক স্বচ্ছতা যাচাইয়ের জন্য প্রতিটি কেন্দ্রের ভোটার তালিকার কপি শিক্ষার্থীদের সরবরাহ করা জরুরি। একইসঙ্গে ওএমআর মেশিনের পরিবর্তে হাতে ভোট গণনা এবং ভোটারদের প্রবেশের সিসিটিভি ফুটেজ শিক্ষার্থীদের জন্য উন্মুক্ত করা প্রয়োজন।”

প্রসঙ্গত, গত ৯ সেপ্টেম্বর ঢাকা বিশ্ববিদ্যালয়ের মোট আটটি কেন্দ্রে একযোগে ডাকসু ও হল সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয়। এ নির্বাচনে ভিপি পদে প্রতিদ্বন্দ্বিতা করা উমামা ফাতেমা পান ৩ হাজার ৩৮৯ ভোট। অন্যদিকে শিবির সমর্থিত প্যানেলের প্রার্থী মো. আবু সাদিক (সাদিক কায়ম) ১৪ হাজার ৪২ ভোট পেয়ে নির্বাচিত হন।

উমামা ফাতেমার দাবি, হাতে গণনা ও তথ্য প্রকাশ করা হলে শিক্ষার্থীরা সঠিকভাবে বুঝতে পারবেন নির্বাচন কতটা সুষ্ঠু ও স্বচ্ছ ছিল।